# জাতিসংঘ মহাসচিবের সঙ্গে সাক্ষাৎ করলেন খলিলুর রহমান



ছবি: সংগৃহীত

জাতিসংঘ সাধারণ পরিষদের (ইউএনজিএ) ৮১তম অধিবেশন শুরুর আগে জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেসের সঙ্গে সাক্ষাৎ করেছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ও সাধারণ পরিষদের সভাপতি-নির্বাচিত খলিলুর রহমান।

নিউইয়র্কে অনুষ্ঠিত বৈঠকে ইউএনজিএর ৮১তম অধিবেশনের সভাপতির দায়িত্ব গ্রহণকে সামনে রেখে বিভিন্ন প্রস্তুতি ও সংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা হয়।

সোমবার (৭ সেপ্টেম্বর) জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী মিশনের পক্ষ থেকে খলিলুর রহমানকে সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহণ উপলক্ষে অভিনন্দন ও শুভকামনা জানানো হয়।

মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) শুরু হচ্ছে জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশন। এই গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক ফোরামের সভাপতির দায়িত্বে খলিলুর রহমানের নির্বাচিত হওয়াকে বাংলাদেশের কূটনৈতিক অঙ্গনে একটি উল্লেখযোগ্য অর্জন হিসেবে দেখা হচ্ছে।

দায়িত্ব পালনকালে আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা, টেকসই উন্নয়ন এবং বৈশ্বিক বিভিন্ন সংকট মোকাবিলার বিষয়ে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন বলে প্রত্যাশা করা হচ্ছে।

প্রসঙ্গত, বাংলাদেশের কোনো কূটনীতিক দ্বিতীয়বারের মতো জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতির দায়িত্ব নিতে যাচ্ছেন। এর আগে ১৯৮৬-৮৭ সালে অনুষ্ঠিত ৪১তম অধিবেশনে প্রথম বাংলাদেশি হিসেবে এ দায়িত্ব পালন করেছিলেন সাবেক পররাষ্ট্রমন্ত্রী হুমায়ুন রশীদ চৌধুরী।